

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১০৬৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/৭৩. সফরে সালাত কসর (হ্রাস) করা।

بَابِ تَقْصِيرِ الصَّلَاةِ فِي السَّفَرِ

আরবী

حَدَّقَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّقَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنِ ابْنِ أَبِي عَمَّارٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابَيْهِ، عَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ، قَالَ سَأَلْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ قُلْتُ لَيْسَ عَمَّارٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابَيْهِ، عَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ، قَالَ سَأَلْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ قُلْتُ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِينَ كَفَرُوا وَقَدْ أَمِنَ النَّاسُ فَقَالَ عَجِبْتُ مِنَّهُ فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ عَنْ ذَلِكَ فَقَالَ " صَدَقَةٌ تَصَدَّقَ اللَّهُ بِهَا عَلَيْكُمْ فَاقْبَلُوا صَدَقَتَهُ " .

বাংলা

৩/১০৬৫। ইয়ালা ইবনু উমাইয়া (রহ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উমার ইবনুল খান্তাব (রাঃ) এর নিকট এই আয়াত উল্লেখপূর্বক (অনুবাদ) যদি তোমাদের আশঙ্কা হয় যে, কাফেররা তোমাদের জন্য ফিতনা সৃষ্টি করবে, তবে সালাত (নামায/নামাজ) সংক্ষিপ্ত করলে এতে তোমাদের কোন দোষ নেই জিজ্ঞেস করলাম যে, মানুষ তো এখন নিরাপদে আছে? তিনি বলেন, তুমি যে বিষয়ে বিশ্ময় বোধ করছো, আমিও সে বিষয়ে বিশ্ময় বোধ করেছিলাম। এ বিষয়ে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলে তিনি বলেনঃ এতো একটি দানবিশেষ, যা আল্লাহু তাআলা তোমাদের দিয়েছেন। কাজেই তোমরা তাঁর দান গ্রহণ করো।

English

It was narrated that Ya'la bin Umayyah said:

"I asked 'Umar bin Khattab: 'Allah says: "And when you travel in the land, there is no sin on you if you shorten the prayer if you fear that the disbelievers may put you in trial (attack you), verily, the disbelievers are ever to you open enemies," [4:101] but now there is security and people are safe.' He said: 'I found it strange just as you do, so I asked the Messenger of Allah () about that, and he said: "It is charity that Allah has bestowed upon



you, so accept His charity."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: মুসলিম ৬৮৬, তিরমিযী ৩০৩৪, নাসায়ী ১৪৩৩, আবূ দাউদ ১১৯৯, আহমাদ ১৭৫, ২৪৬, দারিমী ১৫০৪, ১৫০৫।

তাহ্কীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: আবী দাউদ ১০৮৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন